



ইসলামিক ফাউন্ডেশন

জনসংযোগ শাখা

আইসিটি বিভাগ

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

প্রেস বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশনের নতুন মহাপরিচালক (গ্রেড-১) হিসেবে যোগদান করলেন মুফতি মুহিবুল্লাহিল বাকী নদভী

ঢাকা, মঙ্গলবার, ৩০ জুন ২০২৬:

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক (গ্রেড-১) হিসেবে মুফতি মুহাম্মদ মুহিবুল্লাহিল বাকী নদভী আজ মঙ্গলবার অপরাহ্ন ৩.০০ টায় যোগদান করেছেন। তিনি ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সিনিয়র জেলা ও দায়রা জজ আঃ ছালাম খানের স্থলাভিষিক্ত হলেন। এর আগে গত ২১ মে বৃহস্পতিবার বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মুফতি মুহাম্মদ মুহিবুল্লাহিল বাকী নদভী ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক হিসেবে নিয়োগ দিয়ে আদেশ জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়।

মুফতি মুহাম্মদ মুহিবুল্লাহিল বাকী নদভী ০৪ সেপ্টেম্বর ১৯৯৬ সালে পেশ ইমাম হিসেবে যোগদান করেন। এছাড়া তিনি সেন্ট্রাল শরীয়া বোর্ড ফর ইসলামী ব্যাংক অব বাংলাদেশ এর জেনারেল সেক্রেটারি স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসি বাংলাদেশ এর শরীয়া বোর্ডের চেয়ারম্যান। এছাড়া বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের শরীয়া বোর্ডের এক্সপার্ট হিসেবে দায়িত্ব পালন করেন পাশাপাশি বিভিন্ন কওমি মাদ্রাসায় শায়খুল হাদীস হিসেবে খেদমতে আঞ্জাম দেন।

নবনিযুক্ত মহাপরিচালক দায়িত্বভার গ্রহণের পর ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ সভাকক্ষে কর্মকর্তা-কর্মচারীদের সাথে পরিচিতি সভায় মিলিত হন। মহাপরিচালক হিসেবে দায়িত্বে নিয়োগ দানের জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আরো বলেন, বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান ইসলামিক ফাউন্ডেশনকে কোনো রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহারের পরিবর্তে এটিকে দেশের আলেম-ওলামা, ইসলামিক চিন্তাবিদ এবং ধর্মপ্রাণ মানুষের অংশগ্রহণে আরও কার্যকর ও জনমুখী প্রতিষ্ঠানে পরিণত করার জন্য একজন আলেম নিয়োগ দান করেন।

তিনি পরিচ্ছন্ন কর্মপরিবেশ, শৃঙ্খলা ও বিধি-বিধানের আলোকে কাজ করার জন্য কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন এবং এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া সকলকে সাথে নিয়ে নতুন উদ্যমে নতুন কর্মপরিকল্পনায় কাজ শুরু করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন নবনিযুক্ত মহাপরিচালক।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য প্রদান করেন, ইসলামিক ফাউন্ডেশনের বিদায়ী মহাপরিচালক আঃ ছালাম খানের (সিনিয়র জেলা ও দায়রা জজ) নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৮ম পর্যায়) প্রকল্পের পরিচালক এস. এম. তরিকুল ইসলাম। আইসিটি বিভাগের পরিচালক হাজেরা খাতুন, অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মোঃ আব্দুল হামিদ খান, অনুবাদ ও সংকলন বিভাগের পরিচালক মোঃ আনিসুজ্জামান সিকদার, পরিচালক যাকাত ফান্ড বিভাগ ও গবেষণা বিভাগের পরিচালক ড. ওয়ালীযুর রহমান খান, ইমাম প্রশিক্ষণ একাডেমির উপ-পরিচালক শাহ মোহাম্মদ নজরুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশন জাতীয়তাবাদী কর্মচারী ইউনিয়ন (রেজি-বি-৫৩৪) এর সভাপতি এম এ বারী। অনুষ্ঠান সঞ্চালনা করেন সমন্বয় বিভাগের পরিচালক মোঃ মহিউদ্দিন, অনুষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।



৩০.০৬.২০২৬

বিশ্বাল বিন কাশেম

জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ফোন ০১৭১১৭৮৪২২৭

রাঞ্জু আহমেদ